সম্পাদক
**শাহাদত চৌধুরী**
নির্বাহী সম্পাদক
**মোহসিউল আদনান**
প্রধান প্রতিবেদক
**গোলাম মোর্তোজা**
প্রতিবেদক
**জয়ন্ত আচার্য**
**সাইফুল হাসান, বদরুদ্দোজা বাবু**
সহযোগী প্রতিবেদক
**বদরুল আলম নাবিল**
**আসাদুর রহমান, রুহুল তাপস**
প্রধান আলোকচিত্রী
**তুহিন হোসেন**
আলোকচিত্রী
**আনোয়ার মজুমদার**
নিয়মিত লেখক
**আসজাদুল কিবরিয়া, জুটন চৌধুরী**
**ফাহিম হুসাইন, হাসান মূর্তাজা**
**নোমান মোহাম্মদ, জব্বার হোসেন**
চট্টগ্রাম প্রতিনিধি
**সুমি খান**
যশোর প্রতিনিধি
**মামুন রহমান**
সিলেট প্রতিনিধি
**নিজামুল হক বিপুল**
কানাডা প্রতিনিধি
**জসিম মল্লিক**
হলিউড প্রতিনিধি
**মুনাওয়ার হুসাইন পিয়াল**
নিউইয়র্ক প্রতিনিধি
**আকবর হায়দার কিরণ**
ওয়াশিংটন প্রতিনিধি
**নাসিম আহমেদ**
যুক্তরাজ্য প্রতিনিধি
**শাহরিয়ার ইকবাল রাজ**
কম্পিউটার গ্রাফিক্স প্রধান
**নূরুল কবীর**
শিল্প নির্দেশক
**কনক আদিত্য**
প্রদায়ক আলোকচিত্রী
**এ এল অপূর্ব**

জেনারেল ম্যানেজার
**শামসুল আলম**

**যোগাযোগ**
৯৬-৯৭ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০
পিএবিএক্স ঃ ৯৩৫০৯৫১ - ৩
সার্কুলেশন/বিজ্ঞাপন ঃ ৯৩৪৯৪৫৯
ফ্যাক্স ঃ ৯৩৫০৯৫৪
**চট্টগ্রাম অফিস :** ১৪/ক, এসি দত্ত লেন, পাথরঘাটা, চট্টগ্রাম ৪০০০
**ই-মেইল ঃ** s2000@dbn-bd.net

**দাম ঃ ১৫ টাকা**

**মিডিয়াওয়ার্ল্ড লিমিটেড**
৫২ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০-এর পক্ষে **মাহফুজ আনাম** কর্তৃক প্রকাশিত ও **ট্রান্সক্রাফট লিঃ**, ২২৯ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ থেকে মুদ্রিত।
**www.shaptahik2000.com**




আত্মবিশ্বাস, প্রত্যয়দীপ্ত সংগ্রামী মনোভাব, স্বপ্নই আপনাকে নিয়ে যেতে পারে সৌভাগ্যের চরম শিখরে। আপনি হয়ে উঠতে পারেন সমাজের একজন সফল মানুষ। ধনবান ব্যক্তি। বিল গেটস আজকের অবস্থানে এসেছেন তার স্বপ্নের কারণেই। তার স্বপ্নই তাকে নিয়ে এসেছে বিশ্বের এক নম্বর কম্পিউটার আপারেটিং সিস্টেমের কর্ণধার করে। এমনি এক সফল ব্যক্তির প্রতিচ্ছবি টমি মিয়া।

দশ বছর বয়সে সিলেটের ছেলে টমি মিয়া চলে আসেন লন্ডনে। সালটি ১৯৬৯। লন্ডনের বার্মিংহামে আর দশটি গরিব ছেলের মতো বাবার সঙ্গে টমি মিয়ার জীবন শুরু হয়। পড়ালেখার খরচ চালাতে টমি মিয়াকে একটি রেস্টুরেন্টে ক্লিনিংয়ের কাজ শুরু করতে হয়। সপ্তাহে বেতন ২৫০ টাকা। টমি মিয়া নিজেই কিছু করার জন্য আত্মবিশ্বাসী হয়ে ওঠেন। তিনি সিদ্ধান্ত নিলেন শেফ হয়ে উঠবেন। মায়ের কাছ থেকে শিখে নিলেন কিছু রান্না। রেস্টুরেন্টের কিচেনের লোকদের কাছ থেকে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক করে সব ধরনের রান্না শিখে নিলেন। এ শেখাই হয়ে উঠলো তার পুঁজি। এ পুঁজিকে সম্বল করে তিনি এগিয়ে যাওয়ার সংগ্রাম শুরু করলেন। নিজেই একটি রেস্টুরেন্ট দিলেন। রেস্টুরেন্ট উদ্বোধন করলেন হাতির শোভাযাত্রা দিয়ে। মিডিয়াকে আকৃষ্ট করার জন্য। তিনি চলে এলেন ফোকাসে। সৃজনশীলতা, আত্মবিশ্বাস নিয়ে তিনি এগিয়ে চললেন। আজ টমি মিয়া শুধু নিজেই কোটিপতি নন, তার নামটাও এখন কোটি টাকা।

টমি মিয়া আজ থেকে ৩৫ বছর আগে তার যাত্রা শুরু করেছিলেন। তার সেই সৃজনশীল সংগ্রামী মনোভাব নিয়ে আপনিও আজ যাত্রা শুরু করতে পারেন। এ যাত্রা আপনাকেও নিয়ে যেতে পারে অর্থ, যশ, খ্যাতির শীর্ষে। তবে অর্থের পেছনে উদ্দেশ্যহীনভাবে ছুটলে চলবে না। ছুটতে হবে আপনার প্রফেশনের পেছনে। প্রফেশনের সফলতাও আপনাকে সব কিছুই এনে দিতে পারে।

মুক্তিযুদ্ধের প্রত্যক্ষ বিরোধিতাকারী বিতর্কিত ব্যক্তি, প্রধানমন্ত্রীর সংসদ বিষয়ক উপদেষ্টা সালাউদ্দীন কাদের চৌধুরীকে নানা ধরনের সমালোচনা সত্ত্বেও সরকার ওআইসি মহাসচিব পদে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য নির্বাচন করলো। সাকা চৌধুরী ২০ কোটি টাকা খরচ করে ১২ ভোট পেয়ে দেশে ফিরে এসেছেন। দেশে ফিরে এসে নির্লজ্জভাবে বিতর্কিত বক্তব্য দিয়ে চলছেন। যা সকল শিষ্টাচার বিরোধী। এদেশের রাজনীতিকে সাকারা কলুষিত করেই চলছে। রাষ্ট্রের স্বার্থে জনতার আদালতে তার বিচার হতে হবে।

প্রচ্ছদের ছবি : **আনোয়ার মজুমদার**

